

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮ ১৯

কমলপুর, ২৪ নভেম্বর, ২০২৩

**বড়লুতমায় মহারাস লীলা উপলক্ষে উৎসব ও মেলার উদ্বোধন**

কমলপুরের বড়লুতমায় বিমল সিংহ স্মৃতি মুক্ত মঞ্চ গতকাল ১২৭তম ঐতিহ্যবাহী মহারাস লীলা উপলক্ষে আয়োজিত পাঁচদিনব্যাপী উৎসব ও মেলার উদ্বোধন হয়। বিমল সিংহ স্মৃতি মুক্ত মঞ্চ বিষুপ্ৰিয়া মণিপুরী মহারাস লীলা কমিটি এবং ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই ঐতিহ্যবাহী উৎসব এবং মেলার উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অনাদি সরকার। উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস, ভাইস চেয়ারম্যান তাপস পাল, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজিত বিশ্বাস, সালেমা বিএসি'র চেয়ারম্যান বিমল দেববর্মা, কমলপুর মহকুমা মহকুমাসহক এল ডার্লং, সালেমা ব্লকের বিডিও পীতম দেবনাথ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলা কমিটির চিফ পেট্রন তথা কমলপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা। পাঁচ দিনব্যাপী উৎসব ও মেলা চলবে ২৩ থেকে ২৭ নভেম্বর পর্যন্ত। উদ্বোধকের ভাষণে অনাদি সরকার বলেন, এই রাসলীলা উৎসব মূলত বিষুপ্ৰিয়া মণিপুরীদের ধর্মীয় উৎসব হলেও আজ এই মেলা ও উৎসব ধর্ম, বর্ণ নির্বিশেষে সার্বজনীন হয়ে গেছে। এই উৎসব ও মেলাকে কেন্দ্র করে রাজ্য, বহিঃরাজ্য থেকে প্রচুর মানুষের সমাগম হয়। এই মেলার কলেবর উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এইজন্য তিনি মেলা কমিটি সহ জেলা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর ও বিভিন্ন দপ্তরকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, রাজ্য সরকারের সদর্থক ভূমিকায় পাঁচ দিনব্যাপী এই উৎসব ও মেলা রাজ্যের সুস্থ সংস্কৃতির বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা নেবে।

অনুষ্ঠানে কমলপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা বলেন, বড়লুতমার এই মহারাসলীলা ও উৎসব তার ঐতিহ্য বজায় রেখে আজ সাফল্যের সঙ্গে ১২৭ বছরে পদার্পণ করেছে। মানুষের উৎসাহ, উদ্দীপনা বছর বছর বৃদ্ধি পাচ্ছে। এটাই এই উৎসব ও মেলার মূল সাফল্যের বিষয়। পাঁচদিনব্যাপী মেলায় প্রতিদিন মুক্ত মঞ্চ রাজ্য, বহিঃরাজ্যের শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। ২৭ তারিখ শেষ দিনে বড়লুতমার ত্রয়ো মন্ডপে অনুষ্ঠিত হবে মহারাসলীলা। মেলায় বিভিন্ন দপ্তর, মহকুমা প্রশাসন ও ব্লক প্রশাসনের পক্ষ থেকে রাজ্যে কেন্দ্রীয় সরকারের জনকল্যাণকর প্রকল্পের সফল বাস্তবায়নের চিত্রায়ণে প্রদর্শনী স্টল খোলা হয়েছে।

\*\*\*\*\*